

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ভূমি রেকর্ড শাখা
ভূমি ভবন
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dlrs.gov.bd

স্মারক নং-৩১.০৩.২৬৯২.০০৩.০৩.০০৩.২৩-৫০

তারিখ: ০৮/০৪/২০২৫খ্রি।


গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা পূর্বাচল নতুন শহর প্রকল্পের অধীনে রাজউক হতে প্লট বরাদ্দপ্রাপ্ত ভূমি মালিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রকল্প এলাকায় চলমান ভূমি জরিপে প্লট সংক্রান্ত সকল তথ্য ও প্রমাণাদি রাজউক কর্তৃক ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে সরবরাহ করা হবে। জরিপের প্রাথমিক পর্যায়ে লিজ গ্রহীতাগণকে স্ব উদ্যোগে কোন তথ্য প্রদানের প্রয়োজন নেই।

বিশেষ প্রয়োজনে রাজউকের পরিচালক (এস্টেট ও ভূমি-২), উপপরিচালক (এস্টেট ও ভূমি-২) বা এস্টেট উইং এর হেল্পডেস্ক-এ সাথে যোগাযোগ করা যেতে পারে। রাজউকের প্লট বরাদ্দ প্রাপ্ত ভূমি মালিকগণের নামে প্রস্তুতকৃত তসদিককৃত খতিয়ান (মাঠপার্চার) রাজউক কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। এছাড়া খসড়া প্রকাশনার পরে অনলাইনে (www.settlement.gov.bd) তসদিককৃত খতিয়ান সংগ্রহ করার সুযোগ থাকবে।

জরিপের প্রাথমিক পর্যায়ে রাজউক হতে প্লট বরাদ্দ প্রাপ্ত ভূমি মালিকগণকে মালিকানার তথ্য ও কাগজপত্র প্রদান বা তসদিককৃত খতিয়ান প্রাপ্তি নিয়ে উদ্বিগ্ন না হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, তসদিকের পর তসদিককৃত খতিয়ান বা মাঠপার্চার বিরুদ্ধে কোন আপত্তি থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিগণকে প্রচলিত নিয়মে ব্যক্তিগতভাবে আপত্তি ও প্রযোজ্য ক্ষেত্রে আপীল দাখিল করতে হবে।


০৮/০৪/২৫

মোঃ মোমিনুর রশীদ
পরিচালক (ভূমি রেকর্ড)
ফোন-০২-৪১০২৪৬০৬(অ.)
E-mail:dlr@dlrs.gov.bd